

বাতাকান্দি বয়েজ এন্ড গার্লস হাই স্কুল
বাতাকান্দি বাজার, তিতাস, কুমিল্লা

E-mail: titascommercecollege@gmail.com

প্লে থেকে একাদশ শ্রেণি ২০২৩ খ্রিঃ শিক্ষা বর্ষের নবাগত ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে

বরণ বাণী

“Virtue Is Knowledge: and Know thyself”

“Believe you can and you are halfway there”

“With new day comes, new strength and new thoughts”

হে নবীন,

মহান সৃষ্টিকর্তার ঔদার্যে লালিত নৈসর্গিক সৌন্দর্যের লীলাভূমি কুমিল্লা জেলার তিতাস উপজেলার প্রাণকেন্দ্র বাতাকান্দি বাজারে অবস্থিত শ্রেষ্ঠ বিদ্যাপীঠ “বাতাকান্দি বয়েজ এন্ড গার্লস হাই স্কুলের” মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রদ্ধেয় পরিচালকমন্ডলী, শ্রদ্ধেয় শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ এবং প্রীতিভাজন নবাগত ও সতীর্থ শিক্ষার্থী ভাইবোন— সবার প্রতি রইল আমার সালাম ও শুভেচ্ছা। আমাদের এ ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান আজ নতুন প্রাণের স্পর্শে স্পন্দিত ও আনন্দ হিল্লোলে মুখরিত। নবাগত শিক্ষার্থী ভাই ও বোনেরা, প্রাইমারি স্কুলের গন্ডি পেরিয়ে তোমরা এসেছ আমাদের মাধ্যমিক স্কুলের আঙিনায়, ছোট গন্ডি পেরিয়ে মুক্ত জ্ঞানের আলোয়, উচ্চতর শিক্ষা অর্জনের প্রাথমিক ক্ষেত্রে। তোমাদের এ আগমন শুভ হোক এ কামনা করি। তোমাদের সবার প্রতি রইল আমার আন্তরিক উষ্ণ অভিনন্দন ও গোলাপি শুভেচ্ছা।

নবাগত ভাই ও বোনেরা,

তোমরা জেনে খুশি হবে যে, এই অঞ্চলের মধ্যে আমাদের এ প্রতিষ্ঠানটি নানা দিক থেকে আধুনিক ও যুগোপযোগী ঐতিহ্যের অধিকারী। এক মহান ব্রত ধারণ করে আছে এ পবিত্র বিদ্যাঙ্গণ। যার স্লোগান হচ্ছে— **“Prepare future generation of the country with quality education.”** আজ থেকে তোমাদের জন্য এটাই হোক জীবনের মূলমন্ত্র। আলোকিত জীবনের জন্য তোমাদের সে অভিযাত্রা শুভ হোক, সুন্দর হোক।

হে চির তরুণ,

জীবনের অতি গুরুত্বপূর্ণ একটি পর্বের সফল সমাপ্তির পর তোমরা আজ সম্পূর্ণ নতুন এবং মুক্ত জ্ঞানের রাজ্যে প্রবেশ করেছ। এখানে রয়েছে জ্ঞানচর্চার উন্মুক্ত অবকাশ এবং স্বাধীন চিন্তা বিকাশের অপূর্ব সুযোগ। নিরন্তর সাধনা ও পঠন-পাঠনের মাধ্যমে বিকশিত হোক তোমাদের মেধা ও মননশীলতা— এটিই আমাদের প্রত্যাশা। তোমরা দেশ ও জাতির মুখ উজ্জ্বল করবে।

হে আলোর পিয়সী,

তোমরা দেশের আগামী দিনের কর্ণধার। সময়ের আবর্তনে তোমাদের পদচারণায় আমাদের প্রাণপ্রিয় **Batakandi Boys & Girls High School** হয়ে উঠবে উজ্জীবিত, মুখরিত। সততা, অধ্যাবসায়, কর্তব্যনিষ্ঠা, সংযত আচরণ ও বিনয় মনোবৃত্তি হউক স্বদেশ গড়ার মহান ব্রত। সুন্দর তোমরা সুন্দর হও, সুশিক্ষিত হও। তোমাদের জীবন সুন্দর হউক, সার্থক হউক। তোমাদের মাধ্যমে খ্যাতি ছড়িয়ে পড়ুক **Batakandi Boys & Girls High School**।

**সর্বশেষ মনে পড়ে যায় সেই অমর বাণী..... There is no substitute for hard work
Education is the most powerful weapon you can use to change the world.....**

নির্দেশনায়

মোঃ মাসুম বিল্লাহ সজিব

অধ্যক্ষ

তিতাস কমার্স কলেজ

বাতাকান্দি বাজার, তিতাস, কুমিল্লা

E-mail: titascommercecollege@gmail.com

সার্বিক সহযোগিতায়

মোঃ সামসুল হক (সুমন)

প্রভাষক

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

তিতাস কমার্স কলেজ

শুভকামনায়

শ্রদ্ধেয় পরিচালকমন্ডলী

শ্রদ্ধেয় শিক্ষকমন্ডলী

বাতাকান্দি বয়েজ এন্ড গার্লস হাই স্কুল

বাতাকান্দি বাজার, তিতাস, কুমিল্লা